

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ,
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ শাখা-৩

নং-৪৪.০০.০০০০.০৯৬.০৫.০১২.১৩-১২৭৪

২৬ অগ্রহায়ণ, ১৪২৪
তারিখ :
১০ ডিসেম্বর, ২০১৭

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি কমপ্লেক্স
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : গাজীপুর মেট্রোপলিটন পুলিশ ইউনিট গঠন এবং এর কার্যক্রম পরিচালনার জন্য ১,১৫২টি পদ সৃজন ও ১১৮টি যানবাহন টিওএন্ডইভুক্তকরণ প্রসংগে।

মহোদয়,

নির্দেশিত হয়ে পুলিশ অধিদপ্তরের আওতাধীন গাজীপুর মেট্রোপলিটন পুলিশ ইউনিট গঠন এবং এর কার্যক্রম পরিচালনার জন্য ১,১৫২টি পদের মধ্যে ২২টি ক্যাডার পদ স্থায়ীভাবে ও ১,১৩০টি পদ অস্থায়ীভাবে সৃজন এবং ১১৮টি যানবাহন নিম্নবর্ণিত শর্তে টিওএন্ডইভুক্ত করার সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি :

পদের বিবরণ

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল/২০১৫
১.	পুলিশ কমিশনার (উপ-মহাপুলিশ পরিদর্শক)	১টি	৫৬৫০০-৭৪৪০০/-
২.	অতিরিক্ত পুলিশ কমিশনার (অতিরিক্ত উপ-মহাপুলিশ পরিদর্শক)	১টি	৫০০০০-৭১২০০/-
৩.	উপ পুলিশ কমিশনার (পুলিশ সুপার)	২টি	৪৩০০০-৬৯৮৫০/-
৪.	অতিরিক্ত উপ পুলিশ কমিশনার (অতিরিক্ত পুলিশ সুপার)	৬টি	৩৫৫০০-৬৭০১০/-
৫.	সহকারী পুলিশ কমিশনার (সহকারী পুলিশ সুপার)	১২টি	২২০০০-৫৩০৬০/-
৬.	ইন্সপেক্টর	২০টি	২২০০০-৫৩০৬০/-
৭.	সাব-ইন্সপেক্টর	১২০টি	১৬০০০-৩৮৬৪০/-
৮.	সার্জেন্ট	১৫টি	১৬০০০-৩৮৬৪০/-
৯.	সহকারী সাব-ইন্সপেক্টর (নিরস্ত্র)	৮০টি	১০২০০-২৪৬৮০/-
১০.	সহকারী সাব-ইন্সপেক্টর (সশস্ত্র)	৪০টি	১০২০০-২৪৬৮০/-
১১.	সহকারী টাউন সাব-ইন্সপেক্টর	১০টি	১০২০০-২৪৬৮০/-
১২.	নায়ক	৬০টি	৯৭০০-২৩৪৯০/-
১৩.	কনস্টেবল	৭৫০টি	৯০০০-২১৮০০/-
১৪.	মেডিকেল অফিসার	১টি	২২০০০-৫৩০৬০/-
১৫.	প্রধান সহকারী	১টি	১১০০০-২৬৫৯০/-
১৬.	হিসাব রক্ষক	১টি	১০২০০-২৪৬৮০/-
১৭.	সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	৪টি	১০২০০-২৪৬৮০/-
১৮.	নাসির্হ সহকারী	১টি	৯৭০০-২৩৪৯০/-
১৯.	বিক্রয় সহকারী	১টি	৮৫০০-২০৫৭০/-
২০.	ওজনকারক	১টি	৮২৫০-২০০১০/-
২১.	ওয়ার্ড বয়	১টি	(আউটসোর্সিং)
২২.	অফিস সহায়ক	২টি	
২৩.	বারুচি	১০টি	
২৪.	পরিচ্ছন্নতা কর্মী	১২টি	
	মোট	১,১৫২টি	

যানবাহনের বিবরণ


ক্রঃ নং	যানবাহনের নাম	সংখ্যা
১	জীপ	৮টি
২	পিকআপ	১০টি
৩	বাস	১টি
৪	ট্রাক	১টি
৫	প্রিজনার্স ভ্যান	১টি

ক্রঃ নং	যানবাহনের নাম	সংখ্যা
৬.	রেকার	১টি
৭.	ওয়াটার ক্যানন	১টি
৮.	মোটর সাইকেল	৯৫টি
	মোট	১১৮টি

শর্তাবলী

১. আইন প্রণয়নের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে গাজীপুর মেট্রোপলিটন পুলিশ ইউনিট প্রতিষ্ঠা সাপেক্ষে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
 ২. মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সরকারী আদেশের নির্দেশনা অনুসরণ করতে হবে।
 ৩. পদসমূহ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ১১/১/২০১৫ তারিখে নীতিগতভাবে অনুমোদিত ৫০,০০০টি পদের মধ্যে সমন্বয় করতে হবে।
 ৪. আদেশ জারির তারিখ থেকে পদগুলি সৃজিত হবে।
 ৫. এ বিষয়ে বিধিগত সকল আনুষ্ঠানিকতা পালন করতে হবে।
 ৬. অর্থ বিভাগের ৭/৭/২০১৪ তারিখের ০৭.১৫৫.০১৯.৪৪.০৩.০৩১.২০১১-২৬১ নম্বর স্মারকের শর্তাদি প্রতিপালন করতে হবে।
 ৭. BCS (Police) Composition and Cadre Rules, 1980 এর সংশ্লিষ্ট তফসিলে নতুন পদগুলো অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
 ৮. টিওএন্ডই বহির্ভূত যানবাহন সর্বাত্মে টিওএন্ডইভুক্ত করতে হবে। জনবল নিয়োগের পূর্বে কোন যানবাহন ক্রয় করা যাবে না।
 ৯. ওয়ার্ড বয়, অফিস সহায়ক, বাবুর্চি ও পরিচ্ছন্নতাকর্মী পদ আউটসোর্সিং এর মাধ্যমে পূরন করতে হবে।
 ১০. নিয়োগ বিধি বহির্ভূত পদসমূহ সংশ্লিষ্ট নিয়োগ বিধিতে অন্তর্ভুক্ত করতে হবে।
 ১১. সাংগঠনিক কাঠামোতে প্রস্তাবিত পদগুলো অন্তর্ভুক্ত করে টিওএন্ডই আপডেট করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-এর কপি প্রেরণ করতে হবে।
 ১২. ক্যাডার কর্মকর্তাদের পদনাম মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত “গাজীপুর মহানগরী পুলিশ আইন, ২০১৭” অনুসারে সংশোধনে অবশ্যই জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণ করতে হবে এবং সম্মতির কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।
 ১৩. যানবাহন ক্রয়ের ক্ষেত্রে Public Procurement Act, 2006 এবং Public Procurement Rules 2008 যথাযথভাবে অনুসরণ করতে হবে।
 ১৪. অর্থ বিভাগের নির্ধারিত দরের চেয়ে বেশী দরে ক্রয় করা যাবে না।
 ১৫. বরাদ্দকৃত বাজেট হতে ব্যয় করতে হবে, অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাবে না।
 ১৬. কোন যানবাহন আমদানী করা অপরিহার্য হলে অর্থ বিভাগের পূর্বানুমতি গ্রহণ করে আমদানী করা যাবে।
 ১৭. বাংলাদেশ পুলিশের মোট পদের সংখ্যা (কনস্টবল থেকে আইজিপি পর্যন্ত সিভিল পদসহ) ২,০৬,৫৮৩ জন এবং আলোচ্য ১,১৫২টি পদ সৃজন করা হলে মোট সংখ্যা হবে ২,০৭,৭৩৫জন।
- (২) এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২/০৩/২০১৫ তারিখের ০৫.০০.০০০০.১৬১.১৫.০৩০.১৪-৪৩, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের ১১/০৫/২০১৫ তারিখের ০৭.১৫৫.০১৫.৪৪.০২.০১.২০১৫-২০৮ এবং অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ০৯/০৭/২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৪৪.০০৫.১৩-১৫৪ নং পত্রে সম্মতি রয়েছে। অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের ২৯/১০/২০১৫ তারিখের ০৭.১৫৫.০১৫.৪৪.০২.০১.২০১৫-৫৮০নং স্মারকে যানবাহন টিওএন্ডইভুক্তকরণে সম্মতি রয়েছে।
- (৩) এতে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন রয়েছে এবং প্রযোজ্য ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন রয়েছে।

আপনার বিশ্বস্ত,



মোঃ কামরুল আহসান তালুকদার
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৪৭১২৪৩৪৫

নং-৪৪.০০.০০০০.০৯৬.০৫.০১২.১৩-১২৭৪

২৬ অগ্রহায়ণ, ১৪২৪
তারিখ :
১০ ডিসেম্বর, ২০১৭

অবগতি ও উল্লিখিত সরকারী আদেশ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-কে পৃষ্ঠাংকনসহ জ্ঞাত করার জন্য অর্থ বিভাগের উপ-সচিব, ব্যঃ নিঃ-৫ অধিশাখা এর নিকট প্রেরণ করা হলো।

২৪/১১
মোঃ কামরুল আহাসান তালুকদার
সিনিয়র সহকারী সচিব

নং- ০৭.১৫৫.০১৫.৪৪.০২.০১.২০১৫-

তাং-

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।

উপ-সচিব (ব্যঃ নিঃ-৫ অধিশাখা)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-৪৪.০০.০০০০.০৯৬.০৫.০১২.১৩-১২৭৪

২৬ অগ্রহায়ণ, ১৪২৪
তারিখ :
১০ ডিসেম্বর, ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ৬, ফিনিক্স রোড, ফুলবাড়িয়া, ঢাকা।
৩. সহকারী প্রোগ্রামার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)

০৯/১১
মোঃ কামরুল আহাসান তালুকদার
সিনিয়র সহকারী সচিব
ফোন নং-৪৭১২৪৩৪৫